দৈনিক জনকণ্ঠ

তারিখ ........
পৃষ্ঠা ১৭ কলাম ...৬...

NOV. 26 2002


# ঢাকা বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষায় বিভিন্ন ইনস্টিটিউট

উচ্চ শিক্ষার বহুমুখী প্রসারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্থাপিত হয়েছে বেশ কিছু ইনস্টিটিউট। এই ইনস্টিটিউটসমূহ বিভিন্ন বিষয়ে নিয়মিত উচ্চতর কোর্স পরিচালনা করে আসছে। সময়ের চাহিদা আর উন্নত ক্যারিয়ার গঠনে গুরুত্বপূর্ণ এই ইনস্টিটিউটগুলো নিয়ে আজ ক্যাম্পাসে থাকছে বিস্তারিত আলোচনা।

**পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট ঃ** ইনস্টিটিউট অব স্ট্যাটিস্টিক্যাল রিচার্স এ্যান্ড টিচিং যা আইএসআরটি নামেই সুপরিচিত। পরিসংখ্যান বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণায় উৎসাহিত করা ও প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি, পরিসংখ্যান সম্পর্কিত ধারণার বিস্তার সাধন, পরিসংখ্যান কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া, বিভিন্ন বিভাগ ও এ্যাজেন্সির উন্নয়ন পরিকল্পনায় সহায়তা দান, সরকারী-বেসরকারী এবং জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সৌজন্যে বিভিন্ন গবেষণা কাজ পরিচালনা করাই এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য। বর্তমানে এখানে এ্যাপ্লাইড স্ট্যাটিসটিকসে চার বছরমেয়াদী অনার্স এবং এক বছরমেয়াদী মাস্টার্স কোর্স চালু রয়েছে।

**ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) ঃ** ব্যবসায় প্রশাসনে উচ্চতর শিক্ষা প্রদানের লক্ষ্যে যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা ইউনিভার্সিটির সহযোগিতা এবং ফোর্ড ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয় আইবিএ। বর্তমানে এখানে চার বছরমেয়াদী বিবিএ, এমবিএ, এমফিল এবং পিএইচডি প্রোগ্রাম চালু রয়েছে। এখানে চার বছরমেয়াদী বিবিএ প্রোগ্রামে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক (কলা, বাণিজ্য, বিজ্ঞান) পাস হতে হবে। এমবিএ প্রোগ্রামে ভর্তির জন্য কমপক্ষে গ্র্যাজুয়েশন ডিগ্রী থাকতে হবে।

**সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট ঃ** ঢাবির সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রমের মধ্যে এখানে সমাজকল্যাণ বিষয়ে চার বছরমেয়াদী (অনার্স) কোর্স, স্নাতকোত্তর, এমফিল এবং পিএইচডি প্রোগ্রাম চালু রয়েছে। চাহিদাসম্পন্ন এই বিষয়ে অনার্স কোর্সে ভর্তির জন্য প্রতিবছর মেধাবী শিক্ষার্থীরা প্রতিযোগিতা করে থাকে। এই ইনস্টিটিউটের অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে সমাজকল্যাণে কর্মরত ব্যক্তিবর্গের উচ্চতর প্রশিক্ষণ প্রদান এবং যে সকল ব্যক্তি এ পেশায় নিয়োজিত তাদের জন্য স্বল্পমেয়াদী কোর্স এবং সমাজকল্যাণে কর্মরত ব্যক্তিদের জন্য রিফ্রেসার্স কোর্স পরিচালনা করা।



**পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট ঃ** ঢাবিতে ১৯৬৯ সালে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে 'পুষ্টি প্রতিষ্ঠান' নামে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয় যা বর্তমানে "পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট" নামে পরিচিত। এই ইনস্টিটিউটে পুষ্টি সম্পর্কিত উচ্চ শিক্ষা যেমন- এমএসসি, এমফিল, পিএইচডি কোর্স পরিচালনা করা হয়। এখানে ১৯৯৮ সাল থেকে চার বছরমেয়াদী স্নাতক অনার্স কোর্স চালু করা হয়েছে।

**আধুনিক ভাষা ইনস্টিটিউট ঃ** আধুনিক ভাষা ইনস্টিটিউটে বর্তমানে বাংলা, ইংরেজী, আরবী, চীনা, ফরাসী, জার্মান, জাপানী, ফার্সি, রুশ, তুর্কী, স্প্যানিশ ও কোরিয়ান ভাষায় জুনিয়র, সিনিয়র, ডিপ্লোমা ও উচ্চতর ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। প্রতিটি কোর্সের মেয়াদ এক বছর। উচ্চ মাধ্যমিক বা সমমানের অন্য কোন পরীক্ষায় উত্তীর্ণ যে কোন বাংলাদেশী নাগরিক ইনস্টিটিউটের যে কোন (ইংরেজী ছাড়া) ভাষা কোর্সে ভর্তি হতে পারেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীরাই শুধু ইংরেজী কোর্সে ভর্তি হতে পারেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ইনস্টিটিউটের মধ্যে রয়েছে চারুকলা ইনস্টিটিউট- যেখানে বিএফএ, এমএফএ কোর্স চালু রয়েছে; শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট- যেখানে বিএড (অনার্স) ও এমএড প্রোগ্রাম চালু রয়েছে। এ ছাড়াও রয়েছে স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট।

**ভর্তি পদ্ধতি ঃ** এখানে 'ক' ইউনিটের মাধ্যমে পুষ্টি ও খাদ্য বিজ্ঞান এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটে ভর্তি হতে হয়। 'খ' ইউনিটের মাধ্যমে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে ভর্তি হতে হয়। অন্য ইনস্টিটিউটগুলো নিজস্ব ভর্তি পরীক্ষার মাধ্যমে ছাত্রছাত্রী ভর্তি করে থাকে।

*আব্দুস ছালাম*